গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল**
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়)
আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
ফোনঃ ৮৮-০২-৫৫০০৬৮৪৯ ফ্যাক্সঃ ৮৮০-২-৫৫০০৬৭৯১, E-mail: info@bcc.gov.bd, Web Site: www.bcc.gov.bd

স্মারক নং-৫৬.০১.০০০০.০০০.০০৫.৫৪.০০৪৯.২৬-১২২৮ তারিখ: ১০/০৮/২০২৬খ্রি.

# পুনঃনিলাম বিজ্ঞপ্তি

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর অকেজো ঘোষিত মালামাল (২টি লটে যেখানে যে অবস্থায় আছে) বিক্রয়ের নিমিত্ত প্রকৃত ক্রেতা/ব্যবসায়ী প্রতিষ্ঠানকে সরবরাহকৃত কোটেশন ফরমে অফিস চলাকালীন আগামী ১৮ আগস্ট ২০২৬ তারিখ থেকে ২০ আগস্ট ২০২৬ খ্রি. দুপুর ০১.০০ টা পর্যন্ত আইসিটি টাওয়ার এর ২য় তলায় রক্ষিত সংশ্লিষ্ট নিলাম বক্সে প্রস্তাব দাখিলের জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, অকেজো ঘোষিত ২টি লটের মধ্যে প্রথম লটে ব্যাটারি, কম্পিউটার, কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি ও অন্যান্য যন্ত্রপাতি এবং দ্বিতীয় লটে আসবাবপত্র ও অন্যান্য মালামাল রয়েছে।

২। ২০ আগস্ট ২০২৬ খ্রি., বৃহস্পতিবার দুপুর ২.০০ টায় উল্লিখিত প্রথম লটের এবং দুপুর ৩.০০ টায় দ্বিতীয় লটের দাখিলকৃত প্রস্তাব দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ থাকেন) সংশ্লিষ্ট নিলাম কমিটি কর্তৃক বিসিসি, প্রধান কার্যালয়, ২য় তলার সভা কক্ষে উন্মুক্ত করা হবে।

৩। নিলাম সংক্রান্ত ২টি কোটেশন ফরম প্রতিটি ৫০০/- টাকা (অফেরতযোগ্য) বিসিসি প্রধান কার্যালয় ২য় তলা একাউন্টস শাখা হতে ১১ আগস্ট ২০২৬ থেকে ১৯ আগস্ট ২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে সংগ্রহ করা যাবে। নিলাম কোটেশনসহ বিস্তারিত তথ্য সংগ্রহ ও মালামাল পরিদর্শনের জন্য উল্লিখিত সময়ের মধ্যে কার্যালয়ে যোগাযোগ করার অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোনো নিলাম প্রস্তাব দাখিল করা যাবে না। যোগাযোগ- জনাব সাদেকুল ইসলাম, নিরাপত্তা কর্মকর্তা মোবা-০১৭৩৭৮৩৬৩৮৪, অনলাইনে বিজ্ঞপ্তি দেখতে ভিজিট করুনঃ www.bcc.gov.bd

## শর্তাদি

(ক) ব্যক্তি দরদাতার জাতীয় পরিচয়পত্র, হালনাগাদ TIN সনদ, আয়কর সনদ এবং ব্যবসায়ী প্রতিষ্ঠানের ক্ষেত্রে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট নিবন্ধন সনদ, আয়কর সনদ এর কপি দাখিল করতে হবে এবং জামানত হিসেবে "বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর অনুকূলে উল্লিখিত প্রথম লটের জন্য ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা এবং দ্বিতীয় লটের জন্য ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পে-অর্ডারের মাধ্যমে (ফেরতযোগ্য) জমা দিতে হবে। জাল পে-অর্ডার প্রমাণিত হলে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

(খ) দাখিলকৃত কাগজপত্র যাচাই সাপেক্ষে সর্বোচ্চ দরদাতাকে অফিস আদেশের তারিখ হতে সর্বোচ্চ ০৭ (সাত) দিনের মধ্যে দাখিলকৃত মূল্য "বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল"-এর অনুকূলে পে-অর্ডারের মাধ্যমে জমা প্রদানপূর্বক মালামাল গ্রহণ এবং নিজ দায়িত্বে পরিবহন করতে হবে। নির্ধারিত সময়ে সমুদয় অর্থ প্রদান করতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত বলে গণ্য হবে।

(গ) নিলাম প্রস্তাবে মালামালের প্রস্তাবিত নূন্যতম বাজার মূল্য লট-১ এর জন্য ১৩,০০,০০০.০০ (তের লক্ষ) টাকা (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) এবং লট-২ এর জন্য ২,০০,০০০.০০ (দুই লক্ষ) টাকা (ভ্যাট ও ট্যাক্স ব্যতীত) এর কম প্রতীয়মান হলে কর্তৃপক্ষ নিলাম প্রস্তাব বাতিল করতে পারবে। ত্রুটিপূর্ণ ও অসম্পূর্ণ নিলাম প্রস্তাব বাতিল বলে গণ্য হবে।

(ঘ) নির্বাচিত দরদাতাকে উদ্ধৃত মূল্য এবং এর উপর বিধি মোতাবেক ভ্যাট ও ট্যাক্স প্রদান করতে হবে।

(ঙ) কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন নিলাম প্রস্তাব গ্রহণ/বাতিল এবং নিলাম বিজ্ঞপ্তি বাতিল, সংশোধন এবং পরিবর্তন করার ক্ষমতা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১০/৮/২০২৬

মোঃ জাকির হোসেন বাচ্চু
সচিব (উপসচিব)
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল।